



স্থান: টাংগাইল

ইনভেস্টমেন্ট এর শেষ সময়: ১৫ ই সেপ্টেম্বর, ২০২২

জমির পরিমাণ: ১৪৭ শতাংশ

আমাদের বাংলাদেশ কৃষিতে অপার সম্ভাবনাময়। সারা বিশ্বে চলছে বিভিন্ন রকম মহামারী, যুদ্ধ, ও নানারকম সংকট। কাজেই সামনে খাদ্য সংকট বাড়বে, তা আর বলার অপেক্ষা রাখে না। সেইসাথে দেশের মুদ্রাস্ফীতি কিংবা অর্থনৈতিক মন্দা সময়ে কৃষির উপর নির্ভর করেই দেশ এগিয়ে যাবে। আর দেশের কৃষি অর্থনীতির উন্নয়নে সবচেয়ে বড় ভূমিকা পালন করে আমাদের দেশের প্রান্তিক কৃষকেরা কিন্তু সময়মতো পর্যাপ্ত অর্থ এবং পরামর্শ সহায়তার অভাবে তাদের গতানুগতিক চাষবাসে জীবনযাত্রার মানে তেমন কোন পরির্তন ঘটে না। আমরা ফার্মনেট লিমিটেড দেশের প্রান্তিক কৃষক এবং খামারীদের সাথে পার্টনারশিপ গিয়ে তাদের সংঘবদ্ধ করে তাদের খামার এবং চাষাবাদের প্রয়োজনীয় সকল উপকরণের জন্য অর্থের যোগান, পরামর্শ, ইনসুরেন্স এবং বাজারে তাদের উৎপাদিত নিরাপদ খাদ্য পণ্য সরাসরিভাবে ভোক্তাদের কাছে পৌঁছে দিতে কাজ করে যাচ্ছি। যেখানে আপনি আমাদের মাধ্যমে সরাসরিভাবে কৃষকদের বিনিয়োগ করে তাদের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখতে পারবেন সেইসাথে আপনার বিনিয়োগকৃত অর্থ থেকে হালালভাবে প্রফিট শেয়ার নিশ্চিত করতে পারবেন।

কেননা আপনার কষ্টের টাকা ব্যাংকে ফেলে না রেখে আমাদের মাধ্যমে সরাসরি কৃষককে ইনভেস্ট করতে পারেন, এবং পেতে পারেন চমৎকার হালাল লভ্যাংশ। যেটা ভেরিফাই করবে একজন উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কর্মকর্তা সহ আমাদের অভিজ্ঞ টিম। আপনার শহুরে জীবনযাপন থেকে রিয়েললাইফ ফার্মিংয়ের এক্সপেরিয়েন্স দিতেই কাজ করে যাচ্ছি আমরা যেখানে আপনি আপনার ফার্মিংয়ের প্রত্যেকটা ধাপ ট্রেস করতে পারবেন।

আমাদের ফার্মের লোকেশন

টাংগাইল জেলার কৃষক ও আমাদের সদস্যের টিম নিয়ে প্রফিট শেয়ারিং পদ্ধতিতে মিশ্র সবজি চাষবাদ নিয়ে কাজ শুরু করেছি।

আমাদের অভিজ্ঞ কৃষক এবং খামারী সিলেকশন এ আমরা যা বিবেচনা করেছি:

অভিজ্ঞতা- যারা ইতিপূর্বেও সর্বনিম্ন পাঁচ বছর যাবত বিভিন্ন প্রকার সবজি চাষ করেছে।

কি কি সবজি চাষ হবে?

এখানে আমরা উচ্চ মূল্যের ক্যাপসিকাম, জুকিনি (স্কায়াশ) এবং শীতকালীন শসা চাষ করা হবে যাতে করে প্রজেক্টের প্রফিটাবিলিটি নিশ্চিত হয় সহজেই।

ইনভেস্টমেন্ট এর টাকা কিভাবে ব্যবহার করা হবে

ইনভেস্টমেন্ট এর টাকা দিয়ে আমরা কয়েকজন প্রান্তিক চাষীকে তার সবজি চাষের জন্য সময়মতো সকল প্রকার সার, বীজ , কীটনাশক, জমি প্রস্তুতি এবং বিক্রয় সহ সকল প্রকার সাপোর্ট প্রদান করবো এই ৬ মাসে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহকারী কর্মকর্তার সহযোগীতায় এবং আমাদের ফার্মনেটের টিম মেম্বারের একজন সবসময় গাইড করবেন সেই কৃষকে যাতে করে আমরা আমাদের কৃষকে জিতিয়ে দিতে পারি সর্বোচ্চ প্রফিট অর্জন করানোর মাধ্যমে এবং আমাদের বিনিয়োগকারী নিশ্চিত মুনাফা অর্জন করতে পারে।

ফাইন্যান্সিয়াল এনালাইসিস:

খরচের বিবরণ	টাকা	মন্তব্য
সকল প্রকার সার, বীজ , কীটনাশক, জমি প্রস্তুতি সহ ও আনুষঙ্গিক খরচ	১৯৭০০০ /-	৬ মাসে মোট খরচ
আনুমানিক বিক্রয় মূল্য	২৮০০০০/- থেকে ৩১০০০০/-	সকল সবজি থেকে
নেট প্রফিট	৮৩০০০/- থেকে ১১৩০০০/-	প্রকল্প মেয়াদ: ছয় মাস
নেট প্রফিট ইনভেস্টর	৮%	ছয় মাস/ বার মাস ৮০০/ ১৬০০

পেমেন্ট পলিসি:

সর্বনিম্ন ১টা শেয়ার কিনতে পারবেন । ব্যাংক একাউন্টের মাধ্যমে টাকা পরিশোধ করতে হবে।
এগ্রিমেন্ট পেপার ১ মাসের মধ্যে পৌঁছে যাবে ইনভেস্টরের ঠিকানায়।

রিটার্ন পলিসি:

কোন ইনভেস্টমেন্ট ম্যাচিউর হবার আগেই বাতিল করতে হলে ন্যূনতম এক মাস আগে আমাদের
জানাতে হবে।

ইনভেস্টমেন্ট ম্যাচিউর হওয়ার পূর্বে রিফান্ড ক্লেইম করলে শুধুমাত্র মূল টাকা ফেরত পাওয়া
যাবে ।

ইনভেস্টমেন্ট ম্যাচুরিটি ও প্রফিট ডিসবারসমেন্ট:

এই ইনভেস্টমেন্ট এর সময়কাল হবে ছয় মাস। এক বছরে মোট দুইটি সিজন। ইনভেস্টমেন্ট ম্যাচুরিটি পাবার পর প্রকল্পের প্রফিট ও মূল টাকা প্রদান করা হবে।

খামার ভিসিট:

যে কোন সময় ইনভেস্টকৃত খামার ভিসিট করতে চাইলে আমাদেরকে জানালে আমরা ভিসিটের ব্যবস্থা করে দিব।

